

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৯৬৮

৯/ বিবাহ (১১১। (১১১)

পরিচ্ছেদঃ ৯/৪৬. বিবাহের বর ও কনের সমতা (কুফু)।

بَابِ الْأَكْفَاءِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا الْحَارِثُ بْنُ عِمْرَانَ الْجَعْفَرِيُّ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم تَخَيَّرُوا لِنُطَفِكُمْ وَانْكِحُوا الْأَكْفَاءَ وَأَنْكِحُوا إِلَيْهِمْ

বাংলা

২/১৯৬৮। 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ভবিষ্যত বংশধরদের স্বার্থে উত্তম মহিলা গ্রহণ করো এবং সমতা (কুফু) বিবচেনায় বিবাহ করো, আর বিবাহ দিতেও সমতার প্রতি লক্ষ্য রাখো।

English

It was narrated from 'Aishah:

that the Messenger of Allah said: "Choose the best for your sperm, and marry compatible women and propose marriage to them."

ফুটনোট

সহীহাহ ১০৬৭।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী হারিস বিন ইমরান আল-জা'ফারী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার রেপ্তায়াতে তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল, তিনি নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী তাকে দুর্বল বলেছেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। ইমাম যাহাবী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১০৩৫, ৫/২৬ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি হাসান কিন্তু হারিস বিন ইমরান



আল-জা'ফারী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৬ টি শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে ১ টি দুর্বল, ৫ টি হাসান হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ দারাকুতনী ৩৭৪৬, আল-ফাওয়ায়িদ ১৫২৭, কিতাবুল ইয়াল ১৩০। ১৩১ ইত্যাদি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন